দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 JUL 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫-৫ ...

# তেজগাঁও কলেজে পরীক্ষার্থীদের উপর হামলা ।। অর্ধ শতাধিক আহত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল বৃহস্পতিবার বিকালে তেজগাঁও কলেজে পরীক্ষার্থীদের উপর বর্বরোচিত হামলায় অর্ধশতাধিক ছাত্র-ছাত্রী আহত হয়। আহতদের মধ্যে ১৬ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

আহতরা জানায়, ঢাকা কলেজ, নটরডেম কলেজ ও ক্যান্টনমেন্ট কলেজসহ কয়েকটি কলেজের সহস্রাধিক পরীক্ষার্থীর তেজগাঁও কলেজে সিট পড়ে। গতকাল বিকালে একটি খাতা নিয়া এই কলেজের দপ্তরীর সঙ্গে ঢাকা কলেজের একজন পরীক্ষার্থীর তর্ক বিতর্ক হয়। এই ঘটনার জের হিসাবে পরীক্ষা শেষ হওয়ার

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## তেজগাঁও কলেজে

(১ম পৃঃ পর)

পরপরই তেজগাঁও কলেজের তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ একদল ছাত্র প্রথমে পরীক্ষার্থীদের উপর ইটপাটকেল মারিতে শুরু করে এক পর্যায়ে তাহারা কলেজের প্রধান গেটের কলাপসিবল গেট বন্ধ করিয়া পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের রড, হকি ষ্টিক ও বাঁশ দিয়া বেদম প্রহার শুরু করিয়া দেয় এবং অনেক ছাত্রকে ধরিয়া কক্ষে ঢুকাইয়া প্রহার করে। হামলাকারীরা কলেজের নির্মাণাধীন ভবনের রড, বাঁশ, ইট ব্যবহার করে। এই অবস্থায় পরীক্ষার্থী ও অভিভাবকগণ বাঁচাও বাঁচাও বলিয়া চিৎকার শুরু করিয়াছেন। এলাকাবাসীরা আগাইয়া আসিলেও হামলাকারীদের হুমকির মুখে ঘটনাস্থলে যাইতে সাহস পায় নাই। ঘটনার অর্ধঘন্টা পর পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হইয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং কলেজ ক্যাম্পাস হইতে পরীক্ষার্থীদের ক্ষতবিক্ষত অবস্থায় উদ্ধার করিতে সক্ষম হয়। কয়েকজন অভিভাবক ও এলাকাবাসী অভিযোগ করেন যে, ঘটনার সময় উক্ত কলেজের শিক্ষকগণ অনমনীয় মনোভাব দেখাইয়াছেন এবং তাহারা প্রথমে তুচ্ছ ঘটনাটির মীমাংসা করিয়া দিলে এই হামলার ঘটনাই ঘটিত না। হামলাকারীরা আগামী শনিবার পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে গেলে গুলী করিয়া হত্যার হুমকি দেয়। আগামীকাল শনিবার পরীক্ষার শেষ দিন। পরীক্ষার্থী ও অভিভাবকগণ তেজগাঁও কলেজের ঘটনার প্রেক্ষিতে শেষ পরীক্ষাটি পরীক্ষার্থীদের স্ব স্ব কলেজে গ্রহণের দাবী জানাইয়া বলেন, প্রাণনাশের হুমকির মুখে পরীক্ষার্থীরা যেমন নিশ্চিন্তে পরীক্ষা দিতে পারিবে না ; তেমনি অভিভাবকরাও উক্ত কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের পাঠাইতে সাহস পাইবেন না। জরুরী ভিত্তিতে এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। গতকালের ঘটনা সম্পর্কে তেজগাঁও থানায় মামলা দায়ের করা হয়।